দৈনিক খবর

তারিখ ... 16 FEB 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

৪

০৪

## ইবতেদাই মাদ্রাসা শিক্ষকের বেতন বার্ষিক ৩৬ হাজার টাকা

# জনগণ মওদুদীর ইসলাম মানে না ঃ এরশাদ

রাষ্ট্রপতি এরশাদ বিশৃংখলা ও নৈরাজ্য সৃষ্টিকারীদের থেকে নিজেদের দূরে রেখে সমাজে ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠায় অবদান রাখার জন্যে মাদ্রাসা শিক্ষকদের প্রতি আহবান জানিয়েছেন।

বাসস জানায়, গতকাল বাংলাদেশ জমিয়াতুল মোদাররেসিনের উদ্যোগে মাদ্রাসা শিক্ষকদের অষ্টম জাতীয় মহাসম্মেলন '৯০-তে ভাষণদানকালে রাষ্ট্রপতি বলেন, মাদ্রাসা শিক্ষকরা সারাদেশে ইবতেদাই মাদ্রাসাকে শক্তিশালী করার মাধ্যমে নিরক্ষরতা দূরীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

এ প্রসঙ্গে তিনি ঘোষণা করেন, সরকার প্রত্যেক এবতেদাই মাদ্রাসার শিক্ষককে বেতন হিসেবে বার্ষিক ৩৬ হাজার টাকা দেবেন। দেশের ইবতেদাই মাদ্রাসার মান নির্ণয়ে জরিপ চালানোর কথা উল্লেখ করে রাষ্ট্রপতি এরশাদ বলেন, ওই সকল মাদ্রাসার শিক্ষকরা প্রাথমিক স্কুল শিক্ষকদের মর্যাদা পাবেন এবং প্রাথমিক শিক্ষকদের সমান বেতন পাবেন।

এরশাদ জাতীয় প্যারেড স্কোয়ারে অনুষ্ঠিত সম্মেলনে জমিয়াতুল মোদাররেসিনের সভাপতি মওলানা এম এ মান্নান এমপি সভাপতিত্ব করেন। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামও সম্মেলনে বক্তৃতা করেন।

সম্মেলন শেষে শর্ষিণার মরহুম পীর সাহেব হযরত শাহ আবু জাফর মোহাম্মদ সালেহ ও রাষ্ট্রপতির মাতা বেগম মজিদা খাতুনের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়!

রাষ্ট্রপতি এরশাদ বলেন, তিনি এমন কোন প্রতিশ্রুতি দেন না যা পূরণ করতে পারবেন না। তিনি বলেন, কয়েক হাজার ইবতেদাই মাদ্রাসা লাখ লাখ শিশুকে শিক্ষাদানের জন্য বর্তমানে ৩৮ হাজার প্রাথমিক শিক্ষার অতিরিক্ত প্রাথমিক শিক্ষার অংশ হতে পারে। তিনি বলেন, সমাজে ইসলামের মূল্যবোধ প্রতিষ্ঠায় তিনি সর্বাত্মক চেষ্টা চালাবেন। তিনি বলেন, আল্লাহর নির্দেশিত পথই দেশের ১১ কোটি মানুষের সমস্যার সমাধান করতে পারে।

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে